

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১০২

الكفارات) अ\ कांक्कातात्रपूर (حاب الكفارات)

পরিচ্ছেদঃ ১১/৪. যার জন্য আল্লাহর নামে শপথ করা হয়, সে যেন তাতে সম্ভুষ্ট হয়।

بَابِ مَنْ حُلِفَ لَهُ بِاللهِ فَلْيَرْضَ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدِ بْنِ كَاسِب، حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ أَبِي بَكْرِ بْنِ يَحْيَى بْنِ النَّاضْرِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " رَأَى عِيسَى النَّ مَرْيَمَ رَجُلاً يَسْرِقُ فَقَالَ أَسَرَقْتَ قَالَ لاَ وَالَّذِي لاَ إِلَهَ إِلاَّ هُوَ . فَقَالَ عِيسَى آمَنْتُ بِاللَّهِ وَكَذَّبْتُ بَصَرِي " .

বাংলা

২/২১০২। আবূ হুরাইরাহ্ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ঈসা ইবনু মরিয়ম (আঃ) এক ব্যক্তিকে চুরি করতে দেখে বললেন, তুমি চুরি করলে? সে বললো, না, সেই সন্তার শপথ যিনি ব্যতীত আর কোন ইলাহ নেই। তখন ঈসা (আঃ) বললেন, আমি আল্লাহর উপর ঈমান আনলাম এবং আমার চোখকে অবিশ্বাস করলাম।

English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said:

"Eisa bin Maryam saw a man stealing and said: 'Did you steal?' He said: 'No, by the One besides Whom there is no other God.' 'Eisa said: 'I believe in Allah, and I do not believe what my eyes see.'"

ফুটনোট

সহীহুল বুখারী ৩৪৪৪, মুসলিম ২৩৬৮, নাসায়ী ৫৪২৭, আহমাদ ২৭৩৭১, ৮৭৫০

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।



ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০৮৬, ৩২/৩১৮ নং পৃষ্ঠা) ২. আবু বাকর বিন ইয়াহইয়া ইবনুন নাদর সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ নয় আবার দুর্বলও নয়, তিনি মজবুত রাবী। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত, তার থেকে দুই জন রাবী হাদিস বর্ণনা করেছেন কিন্তু কেউ তাকে তাওসীক করেনি। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭২৬২, ৩৩/১৫২ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু ইবনু মাজাহর উন্তায ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব এর দুর্বলতা ও আবু বাকর বিন ইয়াহইয়া ইবনুন নাদর এর জাহালতের কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৫ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৩ টি অধিক দুর্বল, ১০ টি দুর্বল, ৭ টি হাসান, ৫ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩৪৪৪, মুসলিম ১৫১, আহমাদ ২৭৩৭১, ৮৭৫০, শারহুস সুন্নাহ ৩৫২০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন